

TDC Odd Semester Exam., 2020
held in July, 2021

BENGALI

(Honours)

(1st Semester)

Course No. : BNGH-103

(উনিশ শতকের বাংলা গদ্য সাহিত্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। ‘সীতার বনবাস’ গ্রন্থটি কত খ্রিস্টাব্দে রচিত? এই গ্রন্থের উপাখ্যান চয়নে বিদ্যাসাগর কোন্ কোন্ গ্রন্থের সাহায্য নিয়েছেন? বিদ্যাসাগরকে ‘বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী’ আখ্যা কে দিয়েছিলেন? ‘সীতার বনবাস’ অবলম্বনে বিদ্যাসাগরের গদ্য-রচনা নৈপুণ্যের পরিচয় দাও। $১+২+১+১০=১৪$

অথবা

- ২। ‘উত্তররামচরিত’-এর লেখক কে? সীতাকে কোন্ মুনির আশ্রমে বনবাসে পাঠানো হয়েছিল? দুর্মুখ কে? রামচন্দ্র কোথায় বসে লব-কুশের গান শুনেছিলেন? “‘সীতার বনবাস’-এ সীতা অশ্রুমুখী বাঙালী কুলবধূরূপে চিত্রিত।” উপযুক্ত উদাহরণসহ মন্তব্যটি বিশদ করে। $১+১+১+১+১০=১৪$

- ৩। কালীপ্রসন্ন সিংহ-এর জন্মসাল উল্লেখ করো। তিনি কোন্ ‘সভা’র স্থপয়িতা ছিলেন? তাঁর সম্পাদিত অন্য দুটি পত্রিকার নাম উল্লেখ করো। ‘হুতোম প্যাঁচার নকশা’য় সমকালীন সময়ের বাবু সমাজের যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় উল্লেখ করো। $১+১+(১+১)+১০=১৪$

অথবা

- ৪। নকশা-র সংজ্ঞা দাও। উনিশ শতকের বাংলার ধর্মীয় সংস্কার আন্দোলনে ‘হুতোম প্যাঁচার নকশা’র অবদান বিস্তৃতভাবে আলোচনা করো। $২+১২=১৪$

- ৫। কোন্ পত্রিকায় এবং কত সালে কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটে? ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থাকারে কত সালে প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? “‘একা—কে গায় ওই?’ প্রবন্ধে ব্যঙ্গ-বিদ্রূপ ও হাস্যরসের ধারাকে স্তব্ধ করে দিয়ে ব্যক্তিমনের নিভৃত আকুতি ধ্বনিত হয়েছে।” প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। $২+১+১+১০=১৪$

অথবা

- ৬। কমলাকান্ত কে? তিনি কার আশ্রয়ে বাস করতেন? তিনি কোন্ নেশায় আসক্ত ছিলেন? বিশ্বসংসারের বৃহৎ বাজারে কমলাকান্ত প্রথম কোন্ দোকানে গিয়েছিলেন? ‘বড়বাজার’ প্রবন্ধ অবলম্বনে বিদ্যার বাজার ও রূপের বাজারের সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করো। $১+১+১+১+১০=১৪$

(3)

৭। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

- (ক) দুর্মুখের মুখে সীতার অপবাদ শোনার পর রামচন্দ্রের প্রতিক্রিয়া
- (খ) ‘হতোম প্যাঁচার নকশা’ অবলম্বনে চড়ক পার্বণের বর্ণনা
- (গ) হতোমের দৃষ্টিতে কলকাতার কর্মব্যস্ত সকাল
- (ঘ) নসীরাম বাবু
